

💵 সহীহ হাদীসের আলোকে সাওম বিশ্বকোষ

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায়: সহীহ হাদীসের আলোকে সাওম রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

কাউকে গালি দেওয়া হলে সে কি বলবে, আমি সাওম পালনকারী?

আবু হুরায়রা রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু অলাইহি ওয়াসাল্লাম বলেন, ﴿
قَالَ اللّهُ: كُلُّ عَمَلِ ابْنِ آدَمَ لَهُ ، إِلَّا الصِيّامَ ، فَإِنَّهُ لِي وَأَنَا أُجْزِي بِهِ ، وَالصِيّامُ جُنَّةٌ ، وَإِذَا كَانَ يَوْمُ صَوْمٍ أَحَدِكُمْ
﴿
قَالَ يَرْفُثُ وَلاَ يَصْخُبُ ، فَإِنْ سَابَّهُ أَحَدٌ أَوْ قَاتَلُهُ ، فَلْيَقُلْ إِنِي امْرُوُّ صَائِمٌ وَالَّذِي نَفْسُ مُحَمَّد بِيَدِهِ ، لَخُلُوفُ فَمِ
﴿
الصَّائِمِ أَطْيَبُ عِنْدَ اللَّهِ مِنْ رِيحِ المِسْكِ لِلصَّائِمِ فَوْحَتَانِ يَفْرَحُهُمَا: إِذَا أَفْطَرَ فَرحَ ، وَإِذَا لَقِي رَبَّهُ فَرَحَ بِصَوْمِهِ
﴿
"আল্লাহ তা'আলা বলেছেন, সাওম ব্যতীত আদম সন্তানের প্রতিটি কাজই তাঁর নিজের জন্য, কিন্তু সাওম আমার জন্য, তাই আমি এর প্রতিদান দেব। সাওম ঢালস্বরূপ। তোমাদের কেউ যেন সাওম পালনের দিন অল্লীলতায় লিপ্ত না হয় এবং ঝগড়া-বিবাদ না করে। কেউ যদি তাঁকে গালি দেয় অথবা তাঁর সঙ্গে ঝগড়া করে, তাহলে সে যেন বলে, আমি একজন সাওম পালনকারী। যার হাতে মুহাম্মদের প্রাণ তাঁর শপথ! সাওম পালনকারীর মুখের (না খাওয়াজনিত) ঘ্রাণ আল্লাহর নিকট মিশকের ঘ্রাণের চেয়েও বেশি উত্তম। সাওম পালনকারীর জন্য রয়েছে দু'টি খুশী যা তাঁকে খুশী করে। যখন সে ইফতার করে, সে খুশী হয় এবং যখন সে তাঁর রবের সাথে সাক্ষাৎ করবে, তখন সাওমের বিনিময়ে আনন্দিত হবে।"[1]

ফুটনোট

[1] সহীহ বুখারী, হাদীস নং ১৯০৪।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10838

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন